

ছোট ছবি, বড় স্বপ্ন বিটিভি নবীন সিনেমা প্রকল্প

প্রকল্প পরিচিতি

ছোট ছবি, বড় স্বপ্ন প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ টেলিভিশন তরুণ চলচ্চিত্র নির্মাতাদের স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সহায়তা এবং সম্প্রচারের মাধ্যমে উৎসাহ প্রদান করবে।

প্রকল্পের প্রেক্ষাপট

বাংলাদেশ টেলিভিশন প্রতিষ্ঠাকাল থেকে ধারাবাহিকভাবে বাংলাদেশের সংস্কৃতি, ঐতিহ্যকে লালন করে নাটক, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করে দেশ-বিদেশের দর্শকের জন্য পরিবেশন করেছে। সেই সোনালী দিনে বিটিভির অনুষ্ঠান উপভোগের জন্য বাংলাদেশের জনগণ টিভি সেটের সামনে অধীর আগ্রহে অপেক্ষায় থাকতেন, অনুষ্ঠান দেখে বিনোদন পেতেন। বলা বাহুল্য, একালে স্মার্ট বাংলাদেশে ইউটিউব, স্যাটেলাইট টিভি, ওটিটি প্ল্যাটফর্মের বিপুল উপস্থিতির মধ্যেও বাংলাদেশ টেলিভিশন এখনো বড় একটি অডিও-ভিজুয়াল প্রতিষ্ঠান। তবে ইদানিং দেশে ও বিদেশে বসবাসরত বাংলা ভাষাভাষী দর্শকদের বিচিত্র সব অডিও-ভিজুয়াল অভিজ্ঞতার প্রেক্ষিতে বিটিভির ভিন্নধর্মী, বৈচিত্র্যময় অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচার সময়ের দাবি। একটা বিষয় আমাদের বিবেচনা করা দরকার, যখন বিটিভি-ই একমাত্র টেলিভিশন ছিলো, এতে তখন প্রতিভাবান মানুষদের একটা সম্মিলন আমরা দেখতে পেয়েছি; যা এখন নানান মাধ্যমে ছড়িয়ে পড়েছে, এবং তরুণ নির্মাতাদের বিদেশি চলচ্চিত্র উৎসবে, ইউটিউবে কিংবা দেশি-বিদেশি ওটিটি প্ল্যাটফর্মে মনোযোগী হতে দেখা যাচ্ছে। নতুন বিষয়বস্তু এবং সময়োপযোগী অনুষ্ঠান তথা নাটক-স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে নবীন নির্মাতাদের উৎসাহ যোগালে, তাদের নির্মাণকে সম্প্রচার করা গেলে বিটিভি আরো ঋদ্ধ হবে এবং অংশিজন-দর্শকের কাছে একটা কার্যকর উদ্যোগের প্রতিফলন দেখা যাবে নিঃসন্দেহে।

প্রকল্প ধারণা

ইতিমধ্যে বাংলাদেশের সিনেমা দেশে-বিদেশে ব্যাপক আগ্রহ ও কৌতূহলের বিষয় হয়ে উঠেছে এবং সারা পৃথিবীতে প্রায় ৩০ কোটি বাংলা ভাষাভাষী দর্শকের একটি বিশাল বিনোদন-বাজার তৈরি হয়েছে। উল্লেখ্য অডিও-ভিজুয়ালের এই বিশ্ববাজারে তরুণদেরই এখন জয়জয়কার। সামাজিক মাধ্যম এবং ওটিটির কল্যাণে দর্শকদের কাছে মানসম্মত বাংলা কনটেন্টের চাহিদা যেমন

বাড়ছে তেমনি তরুণরাও এখন অডিও-ভিজুয়াল মিডিয়া নিয়ে ব্যাপক কৌতূহলী হয়ে উঠছে। নির্মাতা হিসেবে বাংলাদেশের তরুণরা নিজেদেরকে সিনেমার এই বিশ্ববাজারে হাজির করতে নানা উদ্যোগে অংশগ্রহণ করে যাচ্ছে। এক সময় যে তরুণরা সাহিত্য পাঠ ও সৃজনে নিজেদের প্রতিভার স্বাক্ষর রাখার জন্য ব্যাকুল হতেন, এখন তাদের সরব উপস্থিতি সিনেমায়ও লক্ষ্যণীয়। এই বাস্তবতা বিবেচনা করে চলচ্চিত্রপ্রেমী তরুণদের নির্মাতা হয়ে উঠার সহযাত্রী হয়ে ছোট ছবির একটা বড় নির্মাণ আয়োজন করতে যাচ্ছে বিটিভি।

বিটিভি বাংলাদেশের যেকোনো প্রান্তের যেকোনো তরুণকে এই প্রকল্পে অংশ নেওয়ার জন্য ডাকছে। প্রচার-প্রচারণার মাধ্যমে নির্মাতা খুঁজে কর্মশালা আয়োজনের মধ্য দিয়ে তাদের পাণ্ডুলিপি চূড়ান্ত করে, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ ও সম্প্রচার করে তরুণ নির্মাতাদের স্বপ্নের সফল বীজ বুনতে চায় বাংলাদেশ টেলিভিশন।

প্রকল্প প্রবিধান

- ১। চলচ্চিত্র নির্মাণে আগ্রহী ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশের যেকোনো নাগরিক অনলাইনে আবেদনের মাধ্যমে এই প্রকল্পে অংশগ্রহণ করতে পারবেন।
- ২। বিটিভির ওয়েবসাইট ভিজিট করে 'ছোট ছবি, বড় স্বপ্ন' নামক অপশনে ক্লিক করে গুগল ফর্মে তথ্যপূরণ ও একটি ১-৩ মিনিটের অডিও ভিজুয়াল প্রডাকশনসহ (যদি থাকে) আবেদন করতে পারবেন।
- ৩। যথাযথ ভাবে তথ্য পূরণ না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৪। অনলাইনে আবেদন জমার শেষ তারিখ ৭ নভেম্বর ২০২৩।
- ৫। বিটিভি কর্তৃপক্ষ প্রাপ্তব্য সকল তথ্য, প্রকল্প প্রস্তাব, ভিডিও ক্লিপ যাচাই করে যোগ্য আবেদনকারীদের মোবাইল ও ইমেইলের মাধ্যমে কর্মশালায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাবেন।
- ৬। প্রাথমিক বাছাইকৃতরা চলচ্চিত্র কর্মশালায় অংশগ্রহণ করবেন।
- ৭। প্রাথমিক বাছাইকৃত নির্মাতাকে দশ দিনের কর্মশালায় অংশগ্রহণকালে আবাসন ব্যবস্থা ও যাতায়াত ব্যয় বিটিভি কর্তৃপক্ষ বহন করবে না।
- ৮। কর্মশালায় অংশগ্রহণ সাপেক্ষে মূল্যায়নের মধ্য দিয়ে নবীন চলচ্চিত্র নির্মাতাদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। এ বিষয়ে বিটিভি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।
- ৯। বিটিভির কারিগরি, শিল্পী-সম্মানী ও অন্যান্য সহায়তায় প্রত্যেক নির্মাতা ২০ -২৫ মিনিট দৈর্ঘ্যের চলচ্চিত্র নির্মাণের সুযোগ পাবেন।

- ১০। নির্মিত চলচ্চিত্রসমূহ বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, সিটিভি ও বিটিভি সোসাল মিডিয়ায় সম্প্রচার করা হবে।
- ১১। নির্মিত চলচ্চিত্রসমূহের সকল প্রকার সম্প্রচার-স্বত্ব বিটিভি সংরক্ষণ করবে।
- ১২। চূড়ান্ত বাছাইয়ে নির্বাচিত নবীন নির্মাতা বিটিভির প্রচলিত নীতিমালা অনুযায়ী বিটিভির সাথে চুক্তিবদ্ধ হয়ে চলচ্চিত্রটি নির্মাণের সুযোগ পাবেন।
- ১৩। নির্ধারিত সময়সীমার মধ্যে নির্মাতা নির্মিত চলচ্চিত্রটির চূড়ান্ত কপি সহ চলচ্চিত্রের ফুটেজ, ট্রেলার, পোস্টার, টাইটেল ও ক্রেডিটলাইনের সফটকপি হার্ডড্রাইভে বিটিভিতে জমা প্রদান করতে বাধ্য থাকবেন।
- ১৪। প্রকল্প বিষয়ক বিটিভির সকল সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রকল্প সময়রেখা

আবেদনের শেষ তারিখ	৭ নভেম্বর, ২০২৩
নির্বাচিতদের সাথে যোগাযোগ	১০ ও ১১ নভেম্বর, ২০২৩
কর্মশালা	১৩ থেকে ২২ নভেম্বর, ২০২৩
প্রযোজনা জমাদান	১৫ ডিসেম্বর, ২০২৩
প্রযোজনা সম্প্রচারের জন্য চূড়ান্তকরণ	৩০ ডিসেম্বর, ২০২৩

নিয়মিত আপডেট পেতে ভিজিট করুন

www.btv.gov.bd

এবং

<https://www.facebook.com/ChotoChobiBoroShopno>



বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা - ১২১৯